

তারিখ : 16/12/2016

**অন্তরীণ 'E' বর্ণ বিশিষ্ট সাংখ্য সারণি-তে 'স্টার মার্ক'যুক্ত মহাত্মা গান্ধী (নতুন) সারণির ₹ 500 মূল্যমানের  
ব্যাংকনোট প্রকাশ**

ভারতীয় রিজার্ভ ব্যাংক শীঘ্র অন্তরীণ 'E' বর্ণ বিশিষ্ট উভয় সাংখ্য সারণি-তে 'স্টার মার্ক'যুক্ত মহাত্মা গান্ধী (নতুন) সারণির ₹ 500 মূল্যমানের ব্যাংকনোট প্রকাশ করবে যে ব্যাংকনোটগুলিতে ভারতীয় রিজার্ভ ব্যাংকের গভর্নর ড. উর্জিত আর. প্যাটেলের সই থাকবে এবং নোটগুলির বিপরীত পৃষ্ঠে মুদ্রনবর্ষ '2016' এবং স্বচ্ছ ভারত লোগো মুদ্রিত থাকবে।

উপরোক্ত ব্যাংকনোটগুলির মধ্যে কিছু ব্যাংকনোটের সাংখ্য সারণিতে প্রারম্ভিক ও সংখ্যার মধ্যে একটি অতিরিক্ত বৈশিষ্ট্য '\*' (স্টার) থাকবে। এই নোটগুলির প্যাকেটে প্রথামত 100টি নোট থাকবে কিন্তু নোটগুলির সংখ্যার ক্রমপর্যায় বজায় থাকবে না। এই নোট প্যাকেটের নোটগুলিতে 'স্টার' নোট আছে তার সনাক্তকরণ সহজ করার জন্য ওই প্যাকেটগুলির উপরের ফিতায় (Band) স্পষ্টভাবে উল্লেখ থাকবে ₹ 500 মূল্যমানের 'স্টার' ব্যাংকনোট এই প্রথম জারি করা হলে ₹ 10, ₹ 20, ₹ 50 এবং ₹ 100 মূল্যমানের 'স্টার' ব্যাংকনোট ইতিমধ্যেই প্রচলিত আছে। 'স্টার' ব্যাংকনোট জারি করার যৌক্তিকতা এবং পরিকল্পনা এপ্রিল 19, 2006 তারিখাঙ্কিত প্রেস প্রকাশনী সং.2005-2006/1337 মারফত বিস্তারিতভাবে দেওয়া হয়েছিল।

নভেম্বর 8, 2016 তারিখের পর জারি করা মহাত্মা গান্ধী (নতুন) সারণির সমস্ত ₹ 500 মূল্যমানের ব্যাংকনোটগুলির আইনগত পেশযোগ্যতা বজায় থাকবে।

প্রেস প্রকাশনী: 2016-2017/1549

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা